



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/29/2021

গভর্নর ক্যাথি হোকল

স্কুলের শিশুদের নিরাপত্তা রক্ষার উদ্দেশ্যে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

S.4661/A.7330 আইনটি কোনো স্কুল বাসকে বেআইনিভাবে অতিক্রম করার জন্য ইস্যুকৃত জরিমানার একটি অংশ স্কুল বাসের নিরাপত্তা সম্পর্কিত অধ্যয়ন ও প্রচারের জন্য কমপ্রিহেনসিভ স্কুল বাস ড্রাইভার সেফটি ট্রেনিং প্রোগ্রামে (Comprehensive School Bus Driver Safety Training Program) স্থানান্তরের সুযোগ প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল আজ আইন S.4661/A.7330 এ স্বাক্ষর করেছেন যা কোনো স্কুল বাসকে বেআইনিভাবে অতিক্রম করার জন্য ইস্যুকৃত জরিমানার একটি অংশ স্কুল বাসের নিরাপত্তা সম্পর্কিত অধ্যয়ন ও প্রচারের জন্য কমপ্রিহেনসিভ স্কুল বাস ড্রাইভার সেফটি ট্রেনিং প্রোগ্রামে স্থানান্তরের সুযোগ প্রদান করে, যা থেকে স্কুল বাসের জন্য গাড়ি চালক শিক্ষা তহবিল প্রতিষ্ঠা করা হবে। এই আইনের লক্ষ্য হলো গাড়ি চালকদেরকে থেমে যাওয়া স্কুল বাসকে বেআইনিভাবে অতিক্রম করা থেকে নিরুৎসাহিত করার মাধ্যমে স্কুলের শিশুদের নিরাপত্তা বৃদ্ধি করা।

"আমাদের শিশুদেরকে নিরাপদ রাখা আমার প্রশাসনের এক নম্বর অগ্রাধিকার এবং আমরা ঠিক সেটাই করার জন্য বিভিন্ন ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করছি," বলেছেন গভর্নর হোকল। "কোনো থেমে যাওয়া স্কুল বাসকে অতিক্রম না করার বিষয়টি গাড়ি চালকদের জানা থাকা উচিত, কিন্তু আমরা এই সমস্যা বার বার ঘটতে দেখছি। আমি এই আইনে স্বাক্ষর করতে পেতে গর্বিত যেটি স্কুল বাসের ড্রাইভারদের প্রশিক্ষণের উন্নতি করবে এবং স্কুলে যাতায়াতকারী শিশুদের আরো বেশি সুরক্ষিত রাখবে।"

এই আইন গাড়ি চালকদের কোনো স্কুল বাসকে অতিক্রম করার বিপদগুলো সম্পর্কে শিক্ষিত করতে এবং স্কুল বাসের নিরাপত্তা উন্নত করতে একটি পাবলিক শিক্ষা কর্মসূচির নকশা ও বাস্তবায়নের জন্য আহ্বান জানায়। এছাড়াও S.4661/A.7330 একটি স্কুল বাসের জন্য গাড়ি চালক শিক্ষা তহবিল প্রতিষ্ঠা করেছে, এবং সমস্যাটি নিয়ে গবেষণা, লঙ্ঘনের ঘটনার সংখ্যা কমাতে প্রস্তাব প্রণয়ন, এবং স্কুল বাসের নিরাপত্তা উন্নত করতে অনুদান প্রদান করার পাশাপাশি পূর্বোক্ত পাবলিক শিক্ষা কর্মসূচির অর্থায়নের কাজে ব্যবহারের জন্য কোনো থেমে যাওয়া স্কুল বাসকে অতিক্রম করার ফলে প্রযোজ্য হওয়া জরিমানার অর্থ এই তহবিলে পরিশোধ করার নির্দেশ প্রদান করেছে।

সিনেটর কেভিন পার্কার বলেন, "শিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়ার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি! স্কুলে যাওয়ার জন্য স্কুল বাসে প্রবেশ করার মুহূর্তটি থেকেই আমাদের শিক্ষার্থীদের

নিরাপত্তা আমাদের জন্য একটি অগ্রাধিকার। এই আইন শুধু গাড়ি চালকদের থেমে যাওয়া স্কুল বাসকে বেআইনিভাবে অতিক্রম করতে নিরুৎসাহিতই করবে না, বরং আমাদের শিশুদেরকে প্রতিদিন স্কুলে নিয়ে যাওয়া ও নিয়ে আসা ড্রাইভারদের প্রশিক্ষণের জন্য তহবিল প্রদান করতেও আরো বেশি পদক্ষেপ গ্রহণ করছে।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "স্কুল বাসগুলোকে বেআইনিভাবে অতিক্রম করে যাওয়াটা নিউ ইয়র্ক স্টেটে একটি গুরুতর সমস্যা হিসেবে বিদ্যমান রয়ে গেছে। এই আইন এই বিপজ্জনক আচরণের বিরুদ্ধে ড্রাইভারদের শিক্ষিত করতে সাহায্য করার জন্য বেআইনিভাবে অতিক্রম করার ছবি তুলে রাখার অনুমতি প্রদান করা নতুন আইনটির সাথে সম্মিলিতভাবে কাজ করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)